



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৪২৮৪.০৩৫.৪৬.১৭২.১৪-৪১৪


তারিখ: ১৭ চৈত্র ১৪২৭  
৩১ মার্চ ২০২১

বিষয়ঃ বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ২৯ মার্চ ২০২১ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার ০৪নং গালুয়া ইউনিয়ন পরিষদের ০৬নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তির ১৫ (পনেরো) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক



(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭

মোবাইল:+৮৮-০২-৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com

✓ জেলা প্রশাসক  
ঝালকাঠি

নং-১৭.০০.৪২৮৪.০৩৫.৪৬.১৭২.১৪-৪১৪

তারিখ: ১৭ চৈত্র ১৪২৭  
৩১ মার্চ ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। জেলা প্রশাসক, ঝালকাঠি (০২ কপি)
- ৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল (০২ কপি)
- ৫। জেলা নির্বাচন অফিসার, ঝালকাঠি (০৩ কপি) [ ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ ]
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, রাজাপুর, ঝালকাঠি (০২ কপি)
- ৭। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৮। উপজেলা নির্বাচন অফিসার, রাজাপুর, ঝালকাঠি (০২ কপি)
- ৯। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।

(মোঃ মিজানুর রহমান)  
উপসচিব (চলতি দায়িত্ব)

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৯, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন প্রশাসন শাখা

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ : ১১ চৈত্র ১৪২৭/২৫ মার্চ ২০২১

নং ১৭.০০.৪২৮৪.০৩৫.৪৬.১৭২.১৪-৪০৭।—বিজ্ঞ নির্বাচন আপিল ট্রাইব্যুনাল, ও যুগ্ম জেলা জজ, ১ম আদালত, ঝালকাঠি কর্তৃক নির্বাচনি আপিল নং-০২/২০১৯ এর ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখের রায় ও আদেশে নির্বাচনি আপিলটি নামঞ্জুর করে নির্বাচনি ট্রাইব্যুনাল কর্তৃক নির্বাচনি মোকদ্দমা নং-১২/২০১৬ এর ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখের প্রদত্ত আদেশ বহাল ও বলবৎ রাখায় নির্বাচন ট্রাইব্যুনালের আদেশ অনুযায়ী ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলাধীন ০৪নং গালুয়া ইউনিয়ন পরিষদের ০৬নং ওয়ার্ডের সাধারণ সদস্য দরখাস্তকারী জনাব মোঃ জালাল তালুকদার-কে নির্বাচিত ঘোষণা করায় তাঁর দাখিলকৃত মনোনয়নপত্র অনুসারে নির্বাচন কমিশন এতদ্বারা গত ২০ এপ্রিল ২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ৫০০১নং পৃষ্ঠায় প্রকাশিত ১নং কলামে বর্ণিত ‘গালুয়া’ এর বিপরীতে ২নং কলামে বর্ণিত ‘মোঃ মাসুদ হাসান তালুকদার, পিতা-আব্দুল জলিল তালুকদার, গ্রাম-পুটিয়াখালী’ এর পরিবর্তে ‘মোঃ জালাল তালুকদার, পিতা-মৃত মোঃ আশ্রাফ আলী তালুকদার, গ্রাম-পুটিয়াখালী’ শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান  
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭১১১)

মূল্য : টাকা ৪.০০